

# যুগান্তর

প্রিন্ট: ২৮ জানুয়ারি ২০২৫, ১১:৩৮ এএম

শিক্ষাঙ্গন

ঢাকা কলেজ অধ্যক্ষ

## সাত কলেজ নিয়ে উচ্চমানের বিশ্ববিদ্যালয় গঠন হবে



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৭ জানুয়ারি ২০২৫, ০৬:২৮ পিএম



সাত কলেজ নিয়ে উচ্চমানের বিশ্ববিদ্যালয় গঠন হবে বলে জানিয়েছেন ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াস। সোমবার বিকালে ঢাকা কলেজে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি।

অধ্যক্ষ বলেন, সাত কলেজের শিক্ষার্থীদের জন্য শিক্ষক ও শিক্ষাবিদদের মতামতের ভিত্তিতে দাঁড় করানো হবে নতুন এক কাঠামো। ৬ দফার বিষয়ে আলোচনা হয়েছে। ছাত্রদের প্রস্তাবেই সব দাবির বিষয় সভাতে উত্থাপিত হয়। তবে সব দাবির সিদ্ধান্ত এখনো আসেনি।

অধিভুক্তি বাতিলের বিষয়ে তিনি বলেন, সাত কলেজ আর ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকছে না। শিক্ষক ও শিক্ষাবিদদের সঙ্গে কথা বলে দুই বিশ্ববিদ্যালয়ের বাইরে এককাঠামো দাঁড় করানো হবে। যেখানে অধ্যয়ন করবে ৭ কলেজের শিক্ষার্থীরা।

অধ্যক্ষ ইলিয়াস বলেন, সরকারি সাত কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে করা হয়েছিল তৎকালীন সরকারের আমলে। তবে এর সঠিক কোন মূল্যায়ন আমরা দেখতে পাইনি কিংবা কোনো প্রজ্ঞাপনও আমরা দেখিনি। আমাদের এখন যেটি মনে হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের তৎকালীন যারা ভিসি ছিলেন তাদের অভ্যন্তরীণ সমস্যার কারণেই সাত কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন করা হয়েছিল।